Ex./BANGLA/UG/3.1/18/2017

# কলাস্নাতক অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৭

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার)

## সাম্মানিক বাংলা

## ভাষা বিজ্ঞান

## কোর্স ইউ. জি. - ৩.১

**সময় দু ঘণ্টা** **পূর্ণমান ৩০**

### 'ক' বিভাগ

যে কোনও ***দুটি*** প্রশ্নের উত্তর দাও

১। স্বনিক ও allophone-এর সম্পর্ক আলোচনা করো। স্বনিম নির্ধারণে allophone-এর ভূমিকা আছে কি? দৃষ্টান্ত সহকারে ব্যাখ্যা করো। ৪+৪+২=১০

২। Diptothong কাকে বলে? Syllable গঠনে এর উপযোগিতা ব্যাখ্যা করো। বাংলা ভাষায় কটি স্বরধ্বনি এবং সেগুলি diptothong-এর সংগঠনে কী অবস্থান নেয় আলোচনা করো। ২+৩+৫=১০

৩। রূপিম কাকে বলে? উদাহরণসহ রূপিমের শ্রেণিবিভাগ করো। শূন্য রূপ বলতে কী বোঝ? কোনো বিশেষ রূপিমকে বোঝার ক্ষেত্রে 'বিভক্তি' কথাটির ব্যবহার কি ভাষাবিজ্ঞানের দৃষ্টিভঙ্গিতে তুমি গ্রহণযোগ্য মনে কর? ২+৪+২+২=১০

(Turn Over)



৪। শিলালিপি থেকে মুদ্রণ পর্যন্ত বাংলা লিপির বিবর্তনের স্তরগুলি সংক্ষেপে আলোচনা করো। ১০

### খ — বিভাগ

যে কোনো ***১টি*** প্রশ্নের উত্তর দাও।

৫। ভাষার রূপতাত্ত্বিক বর্গীকরণের ভিত্তি উল্লেখ করো। সর্বসমবায়ী এবং সমন্বয়ী সমবায়ী ভাষার প্রধান পার্থক্য উদাহরণসহ ব্যাখ্যা করো। রূপতাত্ত্বিক শ্রেণিবিভাগের ক্ষেত্রে অভ্যন্তরীণ পরিবর্তনযুক্ত এবং অভ্যন্তরীণ পরিবর্তনহীন ভাষা বলতে কী বোঝ? উদাহরণসহ উল্লেখ করো। রূপতাত্ত্বিক শ্রেণিবিভাগে বাংলা ভাষাকে কোন শ্রেণিতে রাখবে এবং কেন রাখবে জানাও। ২+৩+৩+২=১০

৬। উপভাষা বলতে কী বোঝ? ভাষার সঙ্গে এর সম্পর্ককে কীভাবে দেখতে চাও জানাও। বাংলা ভাষার উপভাষাগত বৈচিত্র্য বলতে কী বোঝ? উদাহরণসহ আলোচনা করো। ২+৩+৫=১০

৭। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো ***দুটি***) ২x৫=১০

ক. 'Age area Hypothesis'

খ. ইন্দো-আর্য ভাষা

গ. ভাষা ও ধর্ম

ঘ. সমাজ-উপভাষা

—— X ——